
# ডিএমপি কমিশনারের ভারপ্রাপ্ত দায়িত্বে অতিরিক্ত পুলিশ কমিশনার সরওয়ার




আইজি সরওয়ার। ছবি: সংগৃহীত

ঢাকা মেট্রোপলিটন পুলিশের নতুন কমিশনার নিয়োগ না হওয়া পর্যন্ত দায়িত্ব পালন করবেন অতিরিক্ত পুলিশ কমিশনার (সুপারনিউমারারি অতিরিক্ত আইজি) মো. সরওয়ার। বৃহস্পতিবার জারি করা এক প্রজ্ঞাপনে বিষয়টি নিশ্চিত করা হয়। এতে স্বাক্ষর করেন অ্যাডিশনাল ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-১) শামিমা ইয়াছমিন খন্দকার।

এর আগে 'ব্যক্তিগত ও পারিবারিক কারণ' উল্লেখ করে পদত্যাগপত্র দেন ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। যদিও তার চুক্তির মেয়াদ চলতি বছরের নভেম্বর পর্যন্ত বহাল থাকার কথা ছিল।

বিসিএস পুলিশ ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা সাজ্জাত আলী ২০১৬ সালের নভেম্বরে, তৎকালীন আওয়ামী লীগ সরকারের সময়ে পুলিশ সদর দপ্তরে অতিরিক্ত আইজিপি পদে কর্মরত অবস্থায় চাকরিচ্যুত হন।

পরবর্তীতে আওয়ামী লীগ সরকারের পতনের পর গঠিত অন্তর্বর্তী সরকার তাকে পূর্বের পদে পুনর্বহাল করে। এরপর ২০২৪ সালের ২০ নভেম্বর তিনি ডিএমপির ৩৮তম পুলিশ কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

LENS ASIA